গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালাগঞ্জ, সিলেট
www.balaganj.sylhet.gov.bd

## বালাগঞ্জ উপজেলাধীন হাট-বাজার সমূহ ১৪২৯ বাংলা সনের জন্য একসনা ইজারা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

(১ম - ৫ম পর্যায়)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বালাগঞ্জ উপজেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত হাট-বাজার সমূহ কেবলমাত্র ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে নিম্ন লিখিত সিডিউল ও শর্ত মোতাবেক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। সিডিউল ফরম প্রাপ্তির স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (স্থানীয় সরকার শাখা) (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালাগঞ্জ, সিলেট (গ) উপজেলা ভূমি অফিস, বালাগঞ্জ, সিলেট (ঘ) অফিসার ইনচার্জ, বালাগঞ্জ থানা (ঙ) সোনালী ব্যাংক, বালাগঞ্জ শাখা।

০২। দরপত্র দাখিলের স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (স্থানীয় সরকার শাখা) (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালাগঞ্জ, সিলেট (গ) উপজেলা ভূমি অফিস, বালাগঞ্জ, সিলেট।

০৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচী ঃ

| পর্যায় | সিডিউল ফরম বিক্রির তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৭/০২/২০২২ খ্রিঃ<br>১৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০২/২০২২খ্রিঃ<br>১৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০১ঃ ০০ টা পর্যন্ত | ২৮/০২/২০২২ খ্রিঃ<br>১৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০২ঃ ০০ টায় | -------------------------- |
| ২য় পর্যায় | ০৭/০৩/২০২২ খ্রিঃ<br>২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০/০৩ /২০২২ খ্রিঃ<br>২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০১ঃ ০০ টা পর্যন্ত | ১০/০৩ /২০২২ খ্রিঃ<br>২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০২ঃ ০০ টায় | ১ম পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য প্রযোজ্য । |
| ৩য় পর্যায় | ১৮/০৩/২০২২ খ্রিঃ<br>৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২২/০৩/২০২২খ্রিঃ<br>০৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০১ঃ০০ টা পর্যন্ত | ২২/০৩/২০২২খ্রিঃ<br>০৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০২ঃ ০০ টায় | ২য় পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য প্রযোজ্য । |
| ৪র্থ পর্যায় | ২৫/০৩/২০২২ খ্রিঃ<br>১১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০৩/২০২২ খ্রিঃ<br>১৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০১ঃ০০ টা পর্যন্ত | ২৮/০৩/২০২২ খ্রিঃ<br>১৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০২ঃ ০০ টায় | ৩য় পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য প্রযোজ্য । |
| ৫ম পর্যায় | ০৩/০৪/২০২২ খ্রিঃ<br>২০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৪/০৪/২০২২ খ্রিঃ<br>২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০১ঃ০০ টা পর্যন্ত | ০৪/০৪/২০২২ খ্রিঃ<br>২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ<br>দুপুর ০২ঃ ০০ টায় | ৪র্থ পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য প্রযোজ্য । |

বিঃ দ্র ঃ দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সামনে (যদি দরপত্রদাতা উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে

১৪২৯ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা

| ক্রমিক | বাজারের নাম | ইউনিয়নের নাম | ৬% বৃদ্ধিতে কাঙ্খিত সরকারি ইজারামূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | বালাগঞ্জ বাজার | বালাগঞ্জ ইউপি | ৩,০২,২৭৭/- | ১,৪০০/- |
| ২ | মোরার বাজার | দেওয়ান বাজার ইউপি | ৪৫০১৫/- | ৫০০/- |
| ৩ | মাদ্রাসা বাজার | দেওয়ান বাজার ইউপি | ১১,৬৯,০০৩/- | ৩,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কালিবাড়ি বাজার | বোয়ালজুড় ইউপি | ১,৮৩৭/- | ৫০০/- |
| ৫ | কালিগঞ্জ বাজার | বালাগঞ্জ ইউপি | ৫,১২৩/- | ৫০০/- |
| ৬ | বাংলা বাজার | পশ্চিম গৌরিপুর ইউপি | ১,০০৭/- | ৫০০/- |
| ৭ | বোয়ালজুড় বাজার | বালাগঞ্জ ইউপি | ৩,০০৫/- | ৫০০/- |
| ৮ | তালতলা বাজার | পশ্চিম গৌরিপুর ইউপি | ৫৩/- | ৫০০/- |

দরপত্র দাখিলের শর্তাবলী

(০১) বাংলা ১৪২৯ সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য হাট-বাজার সমূহ ইজারা প্রদান করা হবে ।

(০২) দরপত্র দাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে ।

(০৩) যার দরপত্র গৃহিত হবে তাকে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, উদ্ধৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করতঃ পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

(০৪) এক বাজারের জন্য ক্রয়কৃত সিডিউল ফরম অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে অর্ন্তভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না ।

(০৫) সীলমোহরকৃত খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা এবং যে বাজারের বিপরীতে দরপত্র দাখিল করা হবে সে বাজারের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

(০৬) সরকার অনুমোদিত টোল রেট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে টোল রেট প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(০৭) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্রের প্রতি কলাম যথাযথভাবে পূরণ করতঃ দরদাতার স্বাক্ষর সহ তা দাখিল করতে হবে ।

(০৮) ইজারাদার কোন ক্রমেই তার অনুকুলে ইজারা প্রদত্ত কোন বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না । যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

(০৯) ইজারার সমুদয় অর্থ, ভ্যাট, আয়কর পরিশোধের ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে ।

(১০) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১১) ইজারাদার নিজ খরচে নিয়মিত বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন ।

(১২) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন ।

(১৩) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

(১৪) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

(১৫) হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে ।

(১৬) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

(১৭) দরপত্র দাতাকে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি-বিধান প্রতিপালন করতে হবে ।

(রোজিনা আক্তার) ০৭/০২/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.১০৯.২২-৬৭(৩০) তারিখ ঃ ০৭ /০২/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য :

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

০৩। জেলা প্রশাসক, সিলেট

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের জন্য (জ্যষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০৬। উপজেলা নির্বাহী অফিসার .............................. (সকল) ,সিলেট

০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট

০৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট

০৯। জেলা তথ্য অফিসার, সিলেট

১০। সহকারী কমিশনার(ভূমি), বালাগঞ্জ ,সিলেট

১১। উপজেলা .................................... অফিসার (সকল), বালাগঞ্জ, সিলেট

১২। অফিসার ইনচার্জ, বালাগঞ্জ থানা, সিলেট

১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বালাগঞ্জ, সিলেট

১৪। চেয়ারম্যান ................................ ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................... ইউনিয়ন ভূমি অফিস, বালাগঞ্জ, সিলেট

১৬। সম্পাদক,দৈনিক .................................... পত্রিকা । তাঁকে ভিতরের পাতায় বিজ্ঞপ্তিটি একদিন প্রচারের জন্য অনুরোধ করা হল।

(রোজিনা আক্তার) ০৭/০২/২২

উপজেলা নির্বাহী অফিসার

বালাগঞ্জ, সিলেট